

## “জেনারেল ম্যানেজারের প্রতিবেদন”



“বিসমিল্লাহির রাহমানির রাহিম”

ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি এর ৩৫ তম বার্ষিক সদস্য সভায় সম্মানিত সভাপতি, সমিতি বোর্ডের সম্মানিত পরিচালকমণ্ডলী ও মহিলা পরিচালকবৃন্দ, উপস্থিত সম্মানিত গ্রাহক-সদস্যবৃন্দ, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড ও অন্যান্য সংস্থার কর্মকর্তাগণ, আমন্ত্রিত অতিথিবৃন্দ, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ ও সুধীমণ্ডলী, আসসালামু আলাইকুম। বসন্তের এই রৌদ্রোজ্জ্বল সকালে ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি এর বার্ষিক সাধারণ সভায় উপস্থিত হয়ে এ অনুষ্ঠানকে প্রাণবন্ত ও সাফল্যমণ্ডিত করে তোলার জন্য সমিতি ব্যবস্থাপনার পক্ষ থেকে আপনাদের সকলকে শুভেচ্ছা ও কৃতজ্ঞতা জানাচ্ছি।

### উপস্থিত সুধীবৃন্দ,

ভাষা আন্দোলনের মাস ফেব্রুয়ারির শেষ দিনে ভাষার জন্য আত্মদানকারী ও আত্মত্যাগকারী শহীদদের গভীর শ্রদ্ধাভরে স্মরণ করছি।

### সম্মানিত গ্রাহক-সদস্য ও সুধীমণ্ডলী,

গ্রাম ও শহরের পার্থক্য দূরীকরণ এবং গ্রামীণ জনগোষ্ঠীর আর্থ সামাজিক উন্নয়নের লক্ষ্যে “লাভ নয়-লোকসান নয়” এই নীতিমালার ভিত্তিতে ঠাকুরগাঁও ও পঞ্চগড় জেলা নিয়ে ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি ১৯৮৭ সালের ১৮ ফেব্রুয়ারি বাণিজ্যিক ভিত্তিতে কার্যক্রম শুরু করে ডিসেম্বর/২০২৩ খ্রি. পর্যন্ত ৫,৫১,৯২৪ টি আবাসিক, ৪৩,৯৭৭ টি বাণিজ্যিক, ৫,০৩৮ টি শিল্প, ১৬,২২৯ টি সেচ এবং অন্যান্য ১১,২৬৫ টি সহ সর্বমোট ৬,২৮,৪৩৩ টি বিভিন্ন শ্রেণির গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে। বর্তমানে সমিতির বিভিন্ন স্থানে ২৪ টি অফিসের আওতায় ১৯ টি উপকেন্দ্র দ্বারা ১১৪ টি ফিডারের মাধ্যমে ১৩,৪২৯ কিলোমিটার লাইন নির্মাণপূর্বক সম্মানিত গ্রাহকদের বিদ্যুৎ সেবা প্রদান করা হয়। এছাড়া সেচ, ক্ষুদ্র, মাঝারি ও বৃহৎ শিল্পে বিদ্যুৎ সংযোগের ফলে গ্রামীণ জনপদে ব্যাপক কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়ন ত্বরান্বিত হচ্ছে।

### সম্মানিত সুধীমণ্ডলী,

মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ইতোমধ্যে সমিতির অন্তর্ভুক্ত সকল উপজেলাকে শতভাগ বিদ্যুতায়নের শুভ উদ্বোধন ঘোষণা করা হয়েছে। পল্লী বিদ্যুৎ সমিতি জাতীয় গ্রীড থেকে বিদ্যুৎ ক্রয় করে গ্রাহকদের মাঝে বিতরণ করে থাকে। আপনাদের থেকে প্রাপ্ত বিদ্যুৎ বিলের অর্ধেই ক্রয়কৃত বিদ্যুতের মূল্য পরিশোধসহ সকল ব্যয় নির্বাহ করা হয়। বর্তমানে বিভিন্ন ব্যাংক অথবা এজেন্ট ব্যাংক এর পাশাপাশি টেলিটক, বিকাশ, রকেট ও উপায় এর মাধ্যমে বিল পরিশোধ করার সুযোগ সৃষ্টি করা হয়েছে। আপনাদেরকে নির্ধারিত তারিখের মধ্যে জরিমানা ছাড়া বিদ্যুৎ বিল পরিশোধ করার জন্য অনুরোধ করছি। ইদানিং ট্রান্সফরমার চুরির হার অত্যধিক বৃদ্ধি পেয়েছে। সমিতির জনবল এবং আইন প্রয়োগকারী সংস্থার পক্ষে চুরি রোধ করা খুবই কষ্টসাধ্য ব্যাপার, তাই সর্বস্তরের জনগনকে চুরি প্রতিরোধে সহায়তা করার জন্য বিনীত অনুরোধ করছি। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ এবং নিরাপত্তার স্বার্থে বিদ্যুৎ লাইনের উভয় পার্শ্বে ১০ ফুট করে গাছের ডালপালা কাটতে সমিতির লোকজনকে সহায়তা করবেন, এই প্রত্যাশা রইল। একই সাথে লাইনের নিচে এবং লাইন সংলগ্ন স্থানে গাছপালা না লাগানোর জন্য অনুরোধ করা হলো।

### সম্মানিত উপস্থিতি,

আমরা গ্রাহক সেবা নিশ্চিত করণের জন্য হাট-বাজার, স্কুল-কলেজ, ইউনিয়ন পরিষদ এবং বিভিন্ন প্রতিষ্ঠানে গণশুনানী, উঠান বৈঠক, নিরাপদ বিদ্যুৎ ব্যবহারে উদ্বুদ্ধকরণ সভা এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে অবহিতকরণ সভার আয়োজন করছি। এছাড়াও অন-লাইন প্রাটফর্ম জুম ও ফেসবুক লাইভ এর মাধ্যমে উক্ত সভাগুলোর কার্যক্রম চলমান রয়েছে। এতে করে গ্রাহক সচেতনতা বৃদ্ধি পাচ্ছে, পল্লী বিদ্যুৎ সমিতি সম্পর্কে গ্রাহকবৃন্দ তাদের সু-চিন্তিত মতামত ও বিদ্যুৎ সম্পর্কিত বিভিন্ন সমস্যা ও অভিযোগ জানাতে পারছেন এবং গ্রাহকদের সমস্যা দ্রুত সমাধান করা সম্ভব হচ্ছে। সমিতি পরিচালনায় আপনাদের যে কোন ভাল পরামর্শ গ্রহণ করতে আমরা সদাপ্রস্তুত। আপনাদের নিকট হতে সমিতি পরিচালনায় সু-পরামর্শ কামনা করছি।

### সম্মানিত সুধী,

সমিতির ক্রমবর্ধমান সাফল্যের পিছনে রয়েছে বাপবিবোর্ডের মাননীয় চেয়ারম্যান মহোদয়ের যুগোপযোগী, প্রত্যক্ষ ও সু-নিপুণ নির্দেশনা। আমি কৃতজ্ঞতার সাথে তাঁর সু-স্বাস্থ্য ও মঙ্গল কামনা করছি। ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতির বিভিন্ন কার্যক্রমে উল্লেখযোগ্য অবদান রাখা এবং সার্বিক সহযোগিতা প্রদানের জন্য জেলা প্রশাসন, আইন শৃঙ্খলা বাহিনীর সম্মানিত সদস্যবৃন্দ, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, গ্রাহক-সদস্য, সমিতি বোর্ড ও রাজনৈতিক নেতৃবৃন্দ, সাংবাদিকবৃন্দসহ সকল ব্যক্তি ও প্রতিষ্ঠানের নিকট সমিতি ব্যবস্থাপনার পক্ষ থেকে আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করছি। ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতির উত্তরোত্তর সমৃদ্ধি ও সকলের মঙ্গল, সু-স্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে প্রতিবেদন পাঠ শেষ করছি। মহান আল্লাহ আমাদের সকলের সহায় হোন। খোদা হাফেজ।

জয় বাংলা

মো: মাহফুজুর রহমান  
জেনারেল ম্যানেজার (চ:দা:)  
ঠাকুরগাঁও পবিস